# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 05 May, 2025

বাংলাদেশে ছাত্র-জনতার অভ্যুত্থানের সময় হত্যাকাণ্ডে জড়িতদের বিচার প্রক্রিয়া স্বচ্ছ করা জরুরি বলে মন্তব্য করেছেন ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) রাষ্ট্রদূত মাইকেল মিলার।

সোমবার (৫ মে) সকালে জাতীয় প্রেস ক্লাবে কূটনৈতিক রিপোর্টারদের আয়োজনে ডিক্যাব টকে তিনি এ কথা বলেন।

জুলাই হত্যাকাণ্ডে জড়িতদের বিচারের তাগিদ দিয়ে ইইউ রাষ্ট্রদূত বলেন, সেই বিচার প্রক্রিয়া স্বচ্ছ করা জরুরি।

চলমান সংস্কার কাজে সমর্থন জানিয়ে মিলার বলেন, এ কাজে পর্যাপ্ত সময় দেয়ার কথা বলছে ইউরোপীয় ইউনিয়ন।নির্বাচন কবে হবে তা বাংলাদেশের নিজস্ব ব্যাপার।এ নিয়ে কোনো পক্ষের ওপরই ইউরোপের কোনো চাপ নেই।

এ সময় তিনি বলেন, রাখাইনে মানবিক করিডরকে সমর্থন করছে ইইউ। তবে করিডর স্থাপন হোক বা না হোক, বাংলাদেশে রোহিঙ্গা শরণার্থীদের মানবিক ও খাদ্য সহায়তা দিতে পাশে থাকবে ইইউ।প্রয়োজন মাফিক আর্থিক সহায়তা বৃদ্ধিতে কাজ করছে ইইউ।

মাইকেল মিলার আরও বলেন, বিদেশে পাচার হওয়া টাকা ফেরানো আইনি প্রক্রিয়া।এতে সময় লাগবে।

জুলাই ছাত্র-জনতা ইউরোপীয় ইউনিয়ন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 19:10

URL: https://timestodaybd.com/national/1953775807